

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 07-02-2026
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু আজ জিরানীয়ার মাধববাড়িস্থিত সরকারি খাদ্য গুদাম এলাকায় সহায়ক মূল্যে ধান ক্রয় কর্মসূচির উদ্বোধন করবেন।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন বিকশিত ভারত ২০৪৭ এর স্বল্প বাস্তবায়িত করতে হলে যুবাদের অগ্রণী ভূমিকা গ্রহণ করতে হবে।
- (৩) প্রধানমন্ত্রী নবেন্দ্র মোদী আজ দুই দিনের সরকারি সফরে মালয়েশিয়া পৌঁছেছেন।
- (৪) ক্রীড়া মন্ত্রী টিংকু রায় আজ তেলিয়ামুড়া দশমী ঘাটস্থিত ভগৎ সিং মিনি স্টেডিয়াম প্রাঙ্গনে সুধাঙ্ক দাস স্মৃতি ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করবেন।

MSP, Paddy :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু আজ জিরানীয়ার মাধববাড়িস্থিত সরকারি খাদ্য গুদাম এলাকায় সহায়ক মূল্যে ধান ক্রয় কর্মসূচির উদ্বোধন করবেন। উপস্থিতি ছিলেন খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী সহ দপ্তরের অন্যান্য আধিকারিকরা। রাজ্যপাল জানান খাদ্য, জনসংভরণ ও ক্ষেত্রাঞ্চার বিষয়ক দপ্তরের উদ্যোগে এবং কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সহায়তায় চলতি খারিফ মরসুমে ২৩৬৯ টাকা প্রতি কুইন্টাল ন্যূনতম সহায়ক মূল্যে ১৮ হাজার মেট্রিক টন ধান কেনার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

Paddy Procurement South :

সমবায় মন্ত্রী শুল্কাচরণ নেয়াতিয়া আজ শান্তিরবাজার মহকুমার বেতাগা এগি গোড়াউন প্রাঙ্গণে সহায়ক মূল্যে ধান ক্রয় কর্মসূচির উদ্বোধন করেন। খাদ্য দপ্তরের উদ্যোগে, কৃষি দপ্তরের সহায়তায় চলতি থারিফ মরসুমে ২৩ টাকা ৬৯ পয়সা প্রতি কেজি দরে ধান ক্রয় কর্মসূচি আগামী ১৩ ফেব্রুয়ারী পর্যন্ত চলবে।

* * * * *

CM, Budget Yuba :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন বিকশিত ভারত ২০৪৭ এর স্বপ্ন বাস্তবায়িত করতে হলে যুবাদের অগ্রণী ভূমিকা গ্রহণ করতে হবে। আজ আগরতলার ডঃ শ্যামাপ্রসাদ মুখাজী টাউন হলে বিজেপি প্রদেশ যুব মোচার উদ্যোগে আয়োজিত বাজেট যুব সম্মেলনে তিনি একথা বলেন। বাজেট নিয়ে প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন এই বাজেট হচ্ছে বিকশিত ভারত ২০৪৭-এর প্রতিফলন। তিনি বলেন বাজেটে দেশের আয় ও ব্যয়ের বিষয়টির উপর জোর দেওয়া হয়েছে। পাশাপাশি আর্থিক ও সামাজিক মানোন্নয়নের বিষয়টিকে গুরুত্ব দেয়া হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন এই বাজেট প্রতিটি গ্রাম, শহর এবং শহরের যুব, মহিলা এবং কৃষকদের আকাঙ্ক্ষাকে আলোকিত করে, স্বপ্নকে বাস্তবে রূপান্তরিত করে। তিনি বলেন এই উদ্যোগটি একটি স্বনির্ভর, বিশ্বব্যাপী প্রতিযোগিতামূলক ভারতের ভিত্তিকে শক্তিশালী করে। তিনি বলেন, সরকারের লক্ষ্য হচ্ছে জীবনযাত্রার মান উন্নত করা এবং অন্তর্ভুক্তিমূলক প্রবৃক্ষ নিশ্চিত করার সঙ্গে সামঞ্জস্য বজায় রাখা। সম্মেলনে বক্তব্য রাখেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, বিজেপি প্রদেশ যুব মোচার সভাপতি সুশান্ত দেব প্রমুখ।

* * * * *

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার পৌরোহিত্যে আজ সচিবালয়ে পথ কুকুর ও অন্যান্য পশ্চদের কল্যাণ, জননিরাপত্তা বিষয়ে বিভিন্ন পদক্ষেপের উপর একটি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পথ কুকুরদের পর্যায়ক্রমে আশ্রয়

কেন্দ্রে স্থানান্তরিত করা ও আশ্রয় কেন্দ্রগুলিতে তাদের যথাযথ যন্ত্র, জন্ম নিয়ন্ত্রণ ব্যবস্থা, চিকিৎসা, রক্ষণাবেক্ষণ, থাবার এবং সুরক্ষা প্রদান করা করার বিষয়ে আলোচনা হয়। তাছাড়া আগরতলার প্রতিটি ওয়ার্ডে পথ কুকুরদের বিষয়ে জনসচেতনতামূলক প্রচারণা সম্পর্কে আলোচনা হয়। বৈঠকে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের সচিব দীপা ডি নায়ার সহ অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন।

* * * * *

Visit-AMC :

আগরতলা পুর নিগমের একটি প্রতিনিধি দল উচ্চেদকৃত ক্ষুদ্র ব্যবসায়ীদের পুনর্বাসনের লক্ষ্যে আজ শহরের বিভিন্ন এলাকা পরিদর্শনে যান। প্রতিনিধি দলে ছিলেন আগরতলা পুর নিগমের কমিশনার সাজু ওয়াহিদ সহ প্রশাসনিক আধিকারিকরা। শ্রী ওয়াহিদ জানান প্রশাসনের পক্ষ থেকে অবিলম্বে ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য বিকল্প জায়গার ব্যবস্থা করা হবে এবং উচ্চেদ অভিযান পরিচালনার পাশাপাশি প্রশাসনের তরফে ক্ষুদ্র ব্যবসায়ীদের পুনর্বাসনের বিষয়টিকেও সমান গুরুত্ব দেওয়া হচ্ছে। তিনি বলেন এর মাধ্যমে শহরের যানজট সমস্যার সমাধান হবে, তেমনি ক্ষুদ্র ব্যবসায়ীদের জীবিকা রক্ষাও নিশ্চিত করা যাবে।

* * * * *

PM Ujjala :

বিধায়ক অভিষেক দেবরায় আজ প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা প্রকল্পে গোমতী জেলার গর্জি বাজার এলাকার ৭৮ জন মহিলার হাতে বিনামূল্যে রান্নার গ্যাস সংযোগ বিতরণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাতারবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শিল্পী দাস সহ প্রশাসনিক আধিকারিকরা।

* * * * *

Beti Bachao Beti Podao :

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন বাল্যবিবাহ সমাজের একটি ভয়াবহ অভিশাপ। এই সামাজিক ব্যাধি নির্মূলে সকলকে প্রিক্যবন্ধিতভাবে এগিয়ে আসতে হবে। আজ মুসিয়াকামি ন্যাকের বি.এ.সি কমিটির হলঘরে আইসিডিএস প্রকল্পে বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচি ও বাল্যবিবাহ মুক্ত ভারত অভিযান নিয়ে এক সচেতনতা সভায় একথা বলেন তিনি। মন্ত্রী বলেন বর্তমান সরকার মেয়েদের শিক্ষার উপর বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করে চলেছে। ছেলে-মেয়েদের শিক্ষিত ও স্বাবলম্বী করে তুলতে একলব্য আশ্রম বিদ্যালয়সহ একাধিক শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা হচ্ছে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় আগামী দিনে একটি উন্নত ও বিকশিত ত্রিপুরা গড়ে তোলা সম্ভব হবে বলে আশা ব্যক্ত করেন তিনি। অনুষ্ঠানে ৬ জন অঙ্গনওয়ারী কর্মী ও হেলপারদের নিয়োগপত্র প্রদান করা হয়। এছাড়াও মুখ্যমন্ত্রী মাত্র পুষ্টি প্রকল্পের আওতায় উপভোক্তা মহিলাদের মধ্যে আর্থিক সহায়তার চেক বিতরণ করা হয়।

* * * * *

Left Rally :

আগামী ১২ ফেব্রুয়ারী সাধারণ ধর্মঘটের সমর্থনে আজ সাত্রুম শহরে বামপন্থী কৃষক ও শ্রমিক সংগঠনগুলির ডাকে এক প্রতিবাদ মিছিল অনুষ্ঠিত হয়। শ্রমিক নেতা বিপ্লব সংগঠন, কৃষক নেতা মিহির পাটারী প্রমুখ মিছিলে উপস্থিত ছিলেন।

* * * * *

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডিস্ট্রিউ. ডিস্ট্রিউ. ডিস্ট্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলাটস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেল আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

* * * * *

PM Malaysia :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দুই দিনের সরকারি সফরে মালয়েশিয়া পৌঁছেছেন। সেখানে তাঁকে জাঁকজমকপূর্ণভাবে স্বাগত জানানো হয়েছে। এক অনুষ্ঠানে ভারতীয় প্রবাসীদের উদ্দেশ্যে ভাষণ দেওয়ার সময়, শ্রী মোদী ভারত ও মালয়েশিয়ার মধ্যে গভীর সম্পর্কের কথা তুলে ধরেন। তিনি ভারতীয় প্রবাসীদের দুই দেশের হৃদয়কে সংযুক্তকারী একটি সেতু হিসেবে বর্ণনা করেন। শ্রী মোদী বলেন, ১০০ ট্রিও বেশি ভারতীয় আইটি কোম্পানি মালয়েশিয়ায় কাজ করছে, হজার হজার কর্মসংস্থান সৃষ্টি করছে। তিনি ঘোষণা করেন যে ভারতের ডিজিটাল প্রেমেন্ট প্ল্যাটফর্ম ইউপিআই শীঘ্ৰই মালয়েশিয়ায় চালু করা হবে। শ্রী মোদী বলেন, ভারতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য তিরুভাল্লুভার স্কলারশিপ চালু করা হবে এবং মালয়েশিয়ায় একটি নতুন ভারতীয় কনসুলেট খোলা হবে।

* * * * *

President :

রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু আজ ছত্রিশগড়ের বস্তারের বিভাগীয় সদর দপ্তর জগদলপুরে বস্তার পাঞ্চম উৎসবের উদ্বোধন করেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন যে বস্তারের মানুষ উৎসবের মতো জীবনযাপন করেন।

তিনি বলেন, বস্তার পাঞ্চম উৎসবের মাধ্যমে দেশ ও বিশ্ব বস্তার অঞ্চলের সমৃদ্ধ আদিবাসী সংস্কৃতি উপলক্ষ্মি করতে পারেন।

ରାଷ୍ଟ୍ରପତି ବଲେନ, ଗତ ଚାର ଦଶକ ଧରେ ବସ୍ତାର ଅଞ୍ଚଳ ମାଓବାଦେର ସମସ୍ୟାଯ ଆକ୍ରାନ୍ତ। ତିନି ଉଲ୍ଲେଖ କରେନ ଯେ, ଏର ଫଳେ ଆଦିବାସୀ ସମ୍ପଦାୟ, ଯୁବସମାଜ ଏବଂ ଦଲିତ ସମ୍ପଦାୟ ସବଚେଯେ ବେଶି କ୍ଷତିଗ୍ରହ ହେବେ। ତିନି ବଲେନ, ମାଓବାଦୀ ସହିସତାର ବିରଳକ୍ରୀଯ ସରକାରେର ଗୃହିତ ସିଦ୍ଧାନ୍ତମୂଳକ ପଦକ୍ଷେପେର ଫଳେ ଏହି ଅଞ୍ଚଳେ ବଚରେର ପର ବଚର ଧରେ ବିରାଜମାନ ଭୟ, ନିରାପତ୍ତାଇନତା ଏବଂ ଅବିଶ୍ୱାସେର ପରିବେଶେର ଅବସାନ ଘଟଇଛେ।

Byte-President# # # #

ଉଦ୍ବୋଧନୀ ଅନୁଷ୍ଠାନେ ଛତିଶଗଡ଼େର ରାଜ୍ୟପାଲ ରମେନ ଡେକା, ମୁଖ୍ୟମନ୍ତ୍ରୀ ବିକ୍ଷୁ ଦେଓ ମାଇ ଏବଂ କେନ୍ଦ୍ରୀୟ ପ୍ରତିମନ୍ତ୍ରୀ ତୋଥନ ମାହ ଉପସ୍ଥିତ ଛିଲେନ।

* * * * *

Mayor Visit :

ଆଗରତଳା ପୂର ନିଗମେର ମେୟର ଦୀପକ ମଜୁମଦାର ଆଜ ରାମନଗର ବିଧାନସଭା ଏଲାକାର ବିଭିନ୍ନ ଉଲ୍ଲଙ୍ଘନମୂଳକ କାଜେର ଅଗ୍ରଗତି ଥତିଯେ ଦେଖେନ। ଏଲାକାର ଉଲ୍ଲଙ୍ଘନେ ଏକାଧିକ ଓରୁଷପୂର୍ଣ୍ଣ କାଜେର ବର୍ତ୍ତମାନ ଅବସ୍ଥା ନିୟେ ସ୍ଥାନୀୟ ବାସିନ୍ଦାଦେର ସଙ୍ଗେ କଥା ବଲେନ। ପ୍ରଥମେ ତିନି ରାମଠାକୁର ଲେନେ ପରିତ୍ୟକ୍ତ ଅବସ୍ଥାୟ ପଡ଼େ ଥାକା ଏକଟି ବ୍ୟକ୍ତିଗତ ମାଲିକାନାଧୀନ ପୁକୁର ପରିଦର୍ଶନ କରେନ। ଏଲାକାର ଲୋକଜନ ପୁକୁରଟି ସଂକ୍ଷାର କରେ ବ୍ୟବହାର ଉପଯୋଗୀ କରେ ତୋଳାର ଦାବି ଜାଗାନାନ। ପରେ ପ୍ରାୟ ପାଁଚ କୋଟି ଟାକା ବ୍ୟାୟେ ରାମନଗର ୪ ନଷ୍ଟର ରାଷ୍ଟ୍ରାଟିର ସଂକ୍ଷାର କାଜ ଥତିଯେ ଦେଖେନ ତିନି। ପରେ ସାଂବାଦିକଦେର ତିନି ବଲେନ ଆଗମୀ ଛୟ ମାସେର ମଧ୍ୟେଇ ଆଗରତଳା ଶହରେର ସାମଗ୍ରିକ ଚେହରାୟ ଉଲ୍ଲେଖଯୋଗ୍ୟ ପରିବର୍ତ୍ତନ ଆସବେ।

* * * * *

Pabitra Kar Press Meet :

ଆମେରିକାର ସଙ୍ଗେ ଭାରତେର ବାଣିଜ୍ୟ ଚୁକ୍ତିର ପ୍ରତିବାଦ ଜାନିଯେ ଆଗରତଳା ଓ ବିଭିନ୍ନ ମହକୁମାୟ ବିକ୍ଷେତ୍ର ମିଛିଲ ସଂଗଠିତ କରବେ ସଂୟୁକ୍ତ କିଷାଣ ମୋଚା।

আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে সংগঠনের সভাপতি পৰিত্ব কর
একথা জানিয়েছেন।

* * * * *

Cricket :

ক্রীড়া মন্ত্রী টিংকু রায় আজ তেলিয়ামুড়া দশমী ঘাটস্থিত ভগৎ সিং মিনি স্টেডিয়াম প্রাঙ্গনে সুধাক দাস স্মৃতি ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করেন। তিনি বলেন, এই ধরনের টুর্নামেন্টের মাধ্যমে তরুণ প্রজন্মের মধ্যে খেলাধুলার প্রতি আগ্রহ ও শৃঙ্খলা বোধ বাড়বে। উদ্বোধনী খেলায় রাইজিং স্টার এবং ভগৎ সিং ক্লাব অংশগ্রহণ করে। পরে ক্রীড়া মন্ত্রী ও বিধায়িকা সহ অন্যান্য জনপ্রতিনিধিত্ব তেলিয়ামুড়া করইলং দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে আধুনিক প্রযুক্তির ইনডোর স্টেডিয়ামের নির্মাণ কাজ পরিদর্শন করেন। এদিনের খেলায় রাইজিং স্টার ৩৪ রানে জয়লাভ করে।

* * * * *

Padmajang Football :

কৈলাশহরের কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় মনিপুরের রিনাদৈ F.C দল জয়লাভ করেছে। তারা এক-শূন্য গোলে আসাম স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড'কে প্রাপ্তি করে।

* * * * *

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

* * * * *